



গবেষণা ও উদ্ভাবনী কেন্দ্র Research and Innovation Centre Khulna University



স্মারক নং- খুবি/গসেল-৭৫/২০২৫-১৮১

তারিখ: ১২/০৩/২০২৫খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: Collaborative Research Grant Program (CRGP) নীতিমালার আলোকে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য গবেষণা প্রস্তাবনা আহ্বান।

খুলনা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক ও গবেষকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গবেষণা ও উদ্ভাবনী কেন্দ্র ২০২৪-২৫ অর্থ বছরের জন্য Collaborative Research Grant Program (CRGP) নীতিমালার আলোকে গবেষণা প্রস্তাবনা আহ্বান করছে। প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ ০২ থেকে ০৩ বছর এবং বাজেট ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে আগ্রহী শিক্ষক ও গবেষকবৃন্দকে আগামী ২০.০৪.২০২৫খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ফর্মে তাঁদের গবেষণা প্রস্তাবনার ১ (এক) কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এবং সফট কপি office@ric.ku.ac.bd ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, নীতিমালা আলোকে গবেষণা প্রস্তাবনা অবশ্যই অংশীদার ভিত্তিক (Collaborative) হতে হবে এবং মুখ্য ও সহ-গবেষক অবশ্যই ভিন্ন ডিসিপ্লিন/ইন্সটিটিউট/বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/শিল্প প্রতিষ্ঠান এ অধিভুক্ত হতে হবে। আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক সমস্যার সমাধানে প্রণীত গবেষণা প্রকল্প অগ্রাধিকার পেতে পারে। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে মেধা সম্পদ (Intellectual Property) সৃষ্টি ও এর ব্যবস্থাপনাকে গুরুত্ব প্রদানের জন্য মুখ্য এবং সহ-গবেষকদের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

প্রকল্প প্রস্তাবনার নির্ধারিত ফর্ম ও CRGP নীতিমালা, গবেষণা ও উদ্ভাবনী কেন্দ্রের অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. কাজী মোহাম্মদ দিদারুল ইসলাম)

পরিচালক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। ডিন মহোদয়, সকল স্কুল, খুবি
- ২। প্রধান, সকল ডিসিপ্লিন, খুবি (শিক্ষকবৃন্দের অবহিতকরনের অনুরোধসহ)
- ৩। রেজিস্ট্রার মহোদয়, খুবি
- ৪। পরিচালক, আইআইএসএসসিই, খুবি (গবেষকবৃন্দের অবহিতকরনের অনুরোধসহ)
- ৫। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, খুবি
- ৬। উপাচার্য মহোদয়ের সচিব, খুবি (উপাচার্য মহোদয়কে অবহিতকরনের অনুরোধসহ)
- ৭। উপ-উপাচার্য মহোদয়ের সচিব, খুবি (উপ-উপাচার্য মহোদয়কে অবহিতকরনের অনুরোধসহ)
- ৮। ট্রেজারার মহোদয়ের সচিব, খুবি (ট্রেজারার মহোদয়কে অবহিতকরনের অনুরোধসহ)
- ৯। সংশ্লিষ্ট নথি